উপজেলা পরিষদ

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

জুলাই, ২০১৫ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০৭ জুলাই, ২০১৫ খ্রি.

সময় : বিকাল ৩.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভাপতি : মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্লোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২	বিভিন্ন কমিটির সুপারিশ-মালা উপস্থাপন/ পর্যালোচনা	ক) প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী ঃ জনাব মুক্তাদীর আহমদ, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কমিটির সিদ্ধান্ত মোতাবেক হলদিপুর ইউনিয়নের সকল ছাত্র/ছাত্রীর মধ্যে ছাতা বিতরণ এবং রানীগঞ্জ ও পাইলগাঁও ইউনিয়নের সকল ছাত্র/ছাত্রীর মধ্যে ব্রাশ নীল কাটার প্রেস্ট সরবরাহ করার নিমিত্তে প্রকল্প গ্রহণ করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেন। এছাড়াও সভায় কলকলিয়া ইউনিয়নের যুগলনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আশারকান্দি ইউনিয়নের সুরতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাটলী ইউনিয়নের চানপুর সাতহাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ড্রেস সরবরাহের প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন এবং সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়নের আউধত আটঘর পূর্ববুধরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মীরপুর ইউনিয়নের মশাজান কাদিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ব্যাগ সরবরাহের প্রস্তাব করেন এবং ব্র্যাক পরিচালিত ০৯ টি ভাসমান স্কুলের ২৭০ জন ছাত্র/ছাত্রীদের মধ্যে স্কুল ড্রেস সরবরাহের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে হলদিপুর ইউনিয়নের সকল ছাত্র/ছাত্রীর মধ্যে ছাতা বিতরণ এবং রানীগঞ্জ ও পাইলগাঁও ইউনিয়নের সকল ছাত্র/ছাত্রীর মধ্যে ব্রাশ নীল কাটার প্রেস্ট সরবরাহ, কলকলিয়া ইউনিয়নের যুগলনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আশারকান্দি ইউনিয়নের সুরতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাটলী ইউনিয়নের চানপুর সাতহাল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ড্রেস সরবরাহ এবং সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়নের আউধত আটঘর পূর্ববুধরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মীরপুর ইউনিয়নের মশাজান কাদিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ব্যাগ সরবরাহ এবং ব্র্যাক পরিচালিত ০৯ টি ভাসমান স্কুলের ২৭০ জন ছাত্র/ছাত্রীদের মধ্যে স্কুল ড্রেস সরবরাহের প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।
		খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণীঃ- জনাব মোছাঃ হাজেরা বারী, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভার সভাপতি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ধাত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা এবং কেয়ার বাংলাদেশের প্রশিক্ষিত পিসিএসবিদের মাঠপর্যায়ে কাজ করার সুবিধার্থে রেইনকোর্ট ও ব্যাগ সরবরাহ এবং স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শকদের মধ্যে রেইনকোর্ট ও ব্যাগ সরবরাহ করার প্রস্তাব করেন। এছাড়া অত্র উপজেলার ২৪টি কমিউনিটি ক্লিনিকে উপজেলা পরিষদের অর্থায়নে আয়রন ও ভিটামিন বি কমপ্লেক্স টেবলেট সরবরাহ করার প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার ধাত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা এবং কেয়ার বাংলাদেশের প্রশিক্ষিত পিসিএসবিদের মাঠপর্যায়ে কাজ করার সুবিধার্থে রেইনকোর্ট ও ব্যাগ সরবরাহ এবং স্বাস্থ্য পরিদর্শক ও সহকারী স্বাস্থ্য পরিদর্শকদের মধ্যে রেইনকোর্ট ও ব্যাগ সরবরাহ এবং অত্র উপজেলার ২৪টি কমিউনিটি ক্লিনিকে উপজেলা পরিষদের অর্থায়নে আয়রন ও ভিটামিন বি কমপ্লেক্স টেবলেট সরবরাহ করার	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।

			সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
		গ) জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী ঃ- উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন গয়াসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ হবিবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সৈয়দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও টিয়ারগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গভীর নলকূপ প্রদান করা জরুরী। এছাড়া তিনি বলেন জগন্নাথপুর উপজেলা হাওর বেষ্টিত হওয়ায় এখানকার অনেক লোক খাওয়া ও ব্যবহারে এবং রান্নার কাজে হাওরের পানি ব্যবহার করেন। এছাড়া যত্রতত্র মলমূত্র ত্যাগ করার কারণে এখানে ডায়রিয়া আমাশয় টাইফেড জন্ডিস চর্ম ইত্যাদি রোগে আক্রান্ত হচ্ছে। তাই যে সমস্ত পরিবারে টিবওয়েল স্থাপনের সামর্থ নেই তাদের মধ্যে উপজেলা পরিষদের মাধ্যমে টিবওয়েল ও স্যানিটেশনের ব্যবস্থা করার জন্য সভাকে অনুরোধ করেন।	বিস্তারিত আলেচনান্তে জগন্নাথপুর উপজেলাকে শতভাগ স্যানিটেশন সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদ ও উপজেলা গর্ভন্যান্স প্রকল্প থেকে আরও প্রকল্প গ্রহণ এবং নির্বাচিত শিক্ষা প্রতিষ্টান ও দরিদ্র পরিবারের মধ্যে টিবওয়েল প্রদানের জন্য প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।
		ঘ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সভার কার্যবিবরণী ঃ- জনাব মুক্তাদীর আহমদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমিটির সিদ্ধান্ত মোতাবেক পাইলগাঁও ইউনিয়নের ছৈয়দপুর পয়েন্ট থেকে জালালপুর মাদ্রাসা পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন, আশারকান্দি ইউনিয়নের কাঠালখাইড় সরকারি প্রাথমিক বিদ্যালয় হইতে গ্রামের ব্রীজ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন এবং রানীগঞ্জ ইউনিয়নের বাগময়না গ্রামের ছাতির মিয়ার বাড়ীর সামন হইতে কমিউনিটি ক্লিনিক সংলগ্ন রাস্তা সিসি করণ এবং চিলাউড়া হলদিপুর ইউনিয়নের স্বজনশ্রী হলিকোনা রাস্তা ও সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়নের বুধরাইল সনাতনপুর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচন্তান্তে পাইলগাঁও ইউনিয়নের ছৈয়দপুর পয়েন্ট থেকে জালালপুর মাদ্রাসা পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন, আশারকান্দি ইউনিয়নের কাঠালখাইড় সরকারি প্রাথমিক বিদ্যালয় হইতে গ্রামের ব্রীজ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন এবং রানীগঞ্জ ইউনিয়নের বাগময়না গ্রামের ছাতির মিয়ার বাড়ীর সামন হইতে কমিউনিটি ক্লিনিক সংলগ্ন রাস্তা সিসি করণ এবং চিলাউড়া হলদিপুর ইউনিয়নের স্বজনশ্রী হলিকোনা রাস্তা ও সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়নের বুধরাইল সনাতনপুর রাস্তা সিসি দ্বারা উন্নয়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।
		ঘ) কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান উপজেলার কৃষি খাতকে এগিয়ে নিতে হলে সকলের সম্মিলিত প্রচেষ্টা ও উদ্যোগের প্রয়োজন। তিনি কৃষি খাতের উন্নয়নে হাওরাঞ্চলের কৃষকদের ধান কাটার সহায়তার জন্য উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের অর্থায়নে হারভেস্টার মেশিন ক্রয় করে দেওয়ার প্রস্তাব করেন। এছাড়া তিনি কৃষকদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে কৃষি খাতের উন্নয়নে হাওরাঞ্চলের কৃষকদের ধান কাটার সহায়তার জন্য ০৮ টি হারভেস্টার মেশিন ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উপজেলা পর্যায়ে কৃষকদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।
৩	আর্থিক বিবরণী উপস্থাপন	চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান উপজেলা ভাইস চেয়ারম্যানগণের কক্ষে পর্দা লাগানো ও আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ ১৩৪৫০/= (তেরহাজার চারশত পঞ্চাশ) টাকা, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস ভবনের দরজা ও অফিসের জানালা মেরামত বাবদ ৪৫০০/= (চার হাজার পাঁচশত) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে বৈদ্যুতিক কাজ এবং টুইন কোয়ার্টারের পানির ট্যাংকি স্থাপন বাবদ ২১৭৯৫/= (একুশ হাজার সাতশত পঁচানব্বই) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত বিল উপজেলা রাজস্ব তহবিল থেকে প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা ভাইস চেয়ারম্যানগণের কক্ষে পর্দা লাগানো ও আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ ১৩৪৫০/= (তেরহাজার চারশত পঞ্চাশ) টাকা, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস ভবনের দরজা ও অফিসের জানালা মেরামত বাবদ ৪৫০০/= চার হাজার পাঁচশত) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে বৈদ্যুতিক কাজ এবং টুইন কোয়ার্টারের পানির	উপজেলা পরিষদ জগন্নাথপুর সুনামগঞ্জ।

			ট্যাংকি স্থাপন বাবদ ২১৭৯৫/= (একুশ হাজার সাতশত পঁচানব্বই) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৪	বিবিধ	ক) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, ২০১৪-২০১৫খ্রি. অর্থ বৎসরে রসুলগঞ্জ বাজারে ফিস সেট নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য ৫,০০,০০০/= টাকা বরাদ্দ প্রদান করা হয়। সেই অনুযায়ী দরপত্র আহবান করে ঠিকাদার নির্বাচন করে কাজ বাস্তবায়ন করতে গেলে বাজার ব্যবস্থাপনা কমিটি পুরাতন ফিস সেটটি ভেঙ্গে একসংগে করলে পুরো ফিস সেটটি সম্পূর্ণ হয়। এ অনুযায়ী কাজ বাস্তবায়ন করলে অতিরিক্ত আরো ৩,৫০,০০০/= টাকার প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত কাজের ৩,৫০,০০০/= টাকার একটি সংশোধিত প্রাক্কলন উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন।	বিস্তারিত আলোচনান্তে ২০১৪-২০১৫ খ্রি. অর্থ বৎসরে রসুলগঞ্জ বাজারে পুরাতন ও নতুন ফিস সেট নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য সর্বমোট ৫,০০,০০০/= টাকা এবং সংশোধিত প্রাক্কলন ৩,৫০,০০০/= মোট= (৫,০০,০০০+৩,৫০,০০০) = ৮,৫০,০০০/= টাকায় বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		খ) উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সভাকে অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ইনোভেশন কমিটি গঠন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় নাগরিক সেবা সহজীকরণের স্বার্থে স্বস্ব কার্যালয়ের অফিস প্রধান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের কার্যালয়ে সকল সেবাকে ই সেবায় রুপান্তরিত এবং ই ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি আদান প্রদানে উৎসাহ এবং যাবতীয় তথ্যাবলি সন্নিবেশ করে হালনাগাদ করা নিশ্চিত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।	বিস্তারিত আলোচনান্তে ইনোভেশন কার্যক্রমের আওতাভুক্ত সকল সেবাকে ই সেবায় রুপান্তওে ই ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি, চিঠিপত্র,ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক্স পদ্ধতিতে এবং সিটিজেন চার্টার ও তথ্য অধিকার আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক যে কোন প্রস্তাব/প্রকল্প উপজেলা কমিটিতে প্রেরণের জন্য সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এবং চেয়ারম্যানগণ
		গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়ীটির কিছু যান্ত্রিক ক্রটি রয়েছে। যেমন বলজয়েন্ট পুনঃ স্থাপন, চারটি টায়ার পরিবর্তন, এসি পরিবর্তন ও অন্যান্য মেরামত। গাড়ীটি বিআরটিএর সংশ্লিষ্ট পরিদর্শককে দেখানো হলে জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য তিনি সুপারিশ করেন এবং এ বিষয়ে একটি প্রত্যয়ন পত্র প্রদান করেন। এমতাবস্থায় গাড়ীর মেরামত কাজ সম্পন্ন করার জন্য তিনি নিম্নোক্তভাবে একটি আহবায়ক কমিটি গঠনের প্রস্তাব করেন। ১। জনাব মোছাঃ হাজেরা বারী, মহিলা ভাইস চেয়ারম্যান, জগন্নাথপুর আহবায়ক ২। উপজেলা প্রকৌশলী, জগন্নাথপুর সদস্য ৩। উপজেলা শিক্ষা অফিসার সদস্য ৪। উপজেলা সমবায় অফিসার সদস্য ৫। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সদস্য উক্ত কমিটি কোটেশন দরপত্র আহবানের মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করবেন। তিনি আরও জানান যে, গাড়ীটির যান্ত্রিক ক্রটি মেরামত করতে প্রায় ১,২৬,০০০/= (এক লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হতে পারে। যেহেতু রাজস্ব তহবিল পরিচালনা নির্দেশিকা মোতাবেক উপজেলা পরিষদের গাড়ী	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়ীটির প্রয়োজনীয় যান্ত্রিক ক্রটি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ সংক্রান্ত কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত কমিটি সভায় অনুমোদিত হয় ও উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গাড়ী মেরামতের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রদানের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		মেরামত খাতে ৫০,০০০/= টাকার উর্দ্ধে ব্যয় করতে হলে মন্ত্রণালয়ের অনুমতি প্রয়োজন সেহেতু এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রদানের জন্য সুপারিশ করা যেতে পারে।		
		ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান আরও জনান যে, বিগত এপ্রিল/২০১৫ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদের জীপ গাড়ী রাখার জন্য প্রকৌশলী সাহেবের দপ্তর সংলগ্ন একটি গ্যারেজ নির্মাণ করার সিদ্ধান্ত প্রস্তাব পাশ করা হয়েছিল এবং কাজটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। কিন্তু উপজেলা রাজস্ব বাজেটে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকায় উক্ত টাকা পরিশোধ করা হয়নি। তিনি উপজেলা পরিষদ জীপ গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ ব্যয় বাবদ ২৭৮৮৮৮/= (দুই লক্ষ আটাত্তর হাজার আটশত আটাশি) টাকা চলতি অর্থ বছরের রাজস্ব তহবিল থেকে পরিশোধের প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ জীপ গাড়ী রাখার গ্যারেজ নির্মাণ ব্যয় বাবদ ২৭৮৮৮৮/= (দুই লক্ষ আটাত্তর হাজার আটশত আটাশি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৪-২০১৫/২০৫ (৪০) তারিখ ঃ- ০৭/০৭/২০১৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১) মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫) জনাব..,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬) মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭) উপজেলা..,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮) চেয়ারম্যান,...ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯) জনাব.. ।
১০) অফিস কপি

(মোহাম্মদ হুমায়ুন কবির)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।